JAN. 1 3 2001

# মেধাবী ছাত্রছাত্রীদের সরকারি বৃত্তির সুযোগ

তৃতীয় এবং চতুর্থ শ্রেণীর নন-গেজেটেড সকল সরকারি কর্মচারীদের (ডাক, তার ও দূরালাপনী, বাংলাদেশ রেলওয়ে, বাংলাদেশ রাইফেলস, বাংলাদেশ পুলিশ ও সমস্ত কর্মচারী ব্যতীত) সন্তানদের শিক্ষা বৃত্তি দেয়া হবে। নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে। কন্টিনজেন্সি ওয়ার্ক চার্জড কর্মচারী যারা এক নাগাড়ে ৫ বছর বা তদূর্ধ্বকাল চাকরিতে নিয়োজিত আছেন তাদের সন্তানেরাও এ বৃত্তির জন্য আবেদন করতে পারবে। প্রাথমিক শিক্ষা ব্যতীত যে কোন শিক্ষা কোর্সে অধ্যয়নরত অনূর্ধ্ব দুইজন সন্তানের জন্য একই ফরমে আবেদন করতে পারবে। তবে অবশ্যই তাদের সন্তানদের পূর্ববর্তী বার্ষিক পরীক্ষায় প্রত্যেক বিষয়ে পাস নম্বরসহ গড়ে ৪০% নম্বর থাকতে হবে। আগামী ২৮ ফেব্রুয়ারি ২০০১ তারিখের মধ্যে বার্ষিক পরীক্ষার মূল নম্বরপত্র এবং উপরের শ্রেণীর ক্ষেত্রে বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নম্বরপত্রসহ আবেদন করতে হবে। মূল নম্বরপত্রের পরিবর্তে ফটোকপি দেয়া হলে অবশ্যই ফটোকপি সত্যায়িত হতে হবে। শিক্ষাবৃত্তির জন্য ফরম প্রত্যেক অধিদফতরের প্রধান ও বিভাগীয় কার্যালয়সমূহে এবং জেলা প্রশাসকের অফিস হতে সংগ্রহ করা যাবে।

কর্মচারীগণ স্ব স্ব অফিস কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করে অধিদফতরের নিম্নবর্ণিত কার্যালয়সমূহ অথবা সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অফিস থেকে অথবা ডাকযোগে ৪ টাকার ডাক টিকিটযুক্ত ঠিকানা সম্বলিত ১০″ × ৫″ সাইজের খাম প্রেরণ করে ফরম সংগ্রহ করা যাবে।

১। মহাপরিচালক
সরকারি কর্মচারী কল্যাণ অধিদফতর
১ম-১২ তলা সরকারি অফিস ভবন (১১তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

২। উপ-পরিচালক
সরকারি কর্মচারী কল্যাণ অধিদফতর
১ম-১২ তলা সরকারি অফিস ভবন (৩য় তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০

৩। উপ-পরিচালক
সরকারি কর্মচারী কল্যাণ অধিদফতর, বিভাগীয় কার্যালয়, আগ্রাবাদ, চট্টগ্রাম।

৪। উপ-পরিচালক
সরকারি কর্মচারী কল্যাণ অধিদফতর, বিভাগীয় কার্যালয়, বয়রা, খুলনা।

৫। উপ-পরিচালক
সরকারি কর্মচারী কল্যাণ অধিদফতর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।

৬। উপ-পরিচালক
সরকারি কর্মচারী কল্যাণ অধিদফতর, বিভাগীয় কার্যালয়, সদর হাসপাতাল ভবন, বরিশাল।

৭। উপ-পরিচালক
সরকারি কর্মচারী কল্যাণ অধিদফতর, বিভাগীয় কার্যালয় কোর্ট বিল্ডিং, সিলেট।

□ ফারজানা ইসলাম

## ২০০১ সালের এসএসসি পরীক্ষার্থীদের প্রয়োজনীয় তথ্য

২০০১ সালে অনুষ্ঠেয় মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় (এসএসসি) আবশ্যিক বিষয় ইংরেজি প্রথম পত্র ও দ্বিতীয় পত্রের মূল প্রশ্নপত্র ১০০ নম্বরের হবে। এর মধ্যে প্রত্যেক পত্রেই ২০ নম্বরের অবজেকটিভ প্রশ্ন থাকবে। অবজেকটিভ প্রশ্নপত্রের জন্য পৃথক কোনও প্রশ্নপত্র বা উত্তরপত্র থাকবে না। মূল উত্তরপত্রেই অবজেকটিভ প্রশ্নসহ সকল প্রশ্নের উত্তর লিখতে হবে। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রকাশিত ২০০১ সালের এসএসসি পরীক্ষা শিক্ষাক্রম ও পাঠ্যসূচির ৫১ পৃষ্ঠায় কি কি ধরনের অবজেকটিভ প্রশ্ন থাকবে, তা প্রকাশিত হয়েছে।